"১৪২৬ বাংলা সনের জন্য হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট সদর উপজেলার নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। ইজারা বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/আগ্রহী দরপত্র দাতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

তফসিল

ক্রঃ নং	হাট-বাজরের নাম	বাংলা ১৪২৬ সনের জন্য কাংখিত সরকারী ইজারা মূল্য	দরপত্র মূল্য (অফেরত যোগ্য)	দরপত্র ক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময়)	দরপত্র দাখিলের তারিখ সকাল ১০.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
০১	মোগলহাট	৭৫,৮৪৩/-	৫০০/-	১ম বার ০৬ /০২/১৯ খ্রিঃ ২য় বার ০৪ /০৩/১৯ খ্রিঃ ৩য় বার ২৭ /০৩/১৯ খ্রিঃ	১ম বার ০৭ /০২/১৯ খ্রিঃ ২য় বার ০৫/০৩/১৯ খ্রিঃ ৩য় বার ২৮/০৩ /১৯ খ্রিঃ	০৫ ও ০৬ নং কলাম সকল হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য।
০২	দুড়াকুটি হাট	৬৬,৪৪,৭৮৮।-	১৪,৪০০/-			
০৩	মেঘারামহাট	২৪,২২১/-	৫০০/-			
০৪	ভাটিবাড়ীহাট	১৯,৭৯৬/-	৫০০/-			
০৫	খারুয়াহাট	২৩,৫০৬/-	৫০০/-			
০৬	কুলাঘাটহাট	৮৯,৭৬৬/-	৫০০/-			
০৭	টিকটিকিরহাট	৮৪৮/-	৫০০/-			
০৮	ওয়াপদা বাজার	২৫,৬৮৯/-	৫০০/-			
০৯	বুড়িরহাট	১,২১,৭৬০/-	১,০০০/-			
১০	মহেন্দ্রনগরহাট	১০,৩২,৮৬৪/-	৩,২০০/-			
১১	ওকড়াবাড়ীহাট	৩২,২৩২/-	৫০০/-			
১২	ফড়িং-এর দিঘীহাট	৩২,২৯০/-	৫০০/-			
১৩	খুনিয়াগাছহাট	১,৩০,০৪৬/-	১,০০০/-			
১৪	কালমাটিহাট	২২,৮২৭/-	৫০০/-			
১৫	চওড়াহাট	৯১,৩৫৬/-	৫০০/-			
১৬	মিলনবাজার	৯৩,২৮২/-	৫০০/-			
১৭	মারাইরহাট	১,৯৭,৫৫০/-	১,০০০/-			
১৮	তিস্তাহাট	১,১১,২৬৬/-	১,০০০/-			
১৯	মোস্তফীহাট	৪,৮৭,৬০৫/-	২,০০০/-			
২০	মন্ডলেরহাট	৩১,৬৯৪/-	৫০০/-			
২১	ফকিরের তকেয়াহাট	৫৩,৭১৫/-	৫০০/-			
২২	সিন্দুরমতিহাট	৪৪,৫৯৩/-	৫০০/-			
২৩	দেউতিরহাট	১৯,১০৩/-	৫০০/-			
২৪	কিসামত নগরবন্দহাট	১৩,৯৯৭/-	৫০০/-			
২৫	বড়বাড়ীরহাট	৪৫,০৫,৬২০/-	১০,২০০/-			
২৬	সেলিমনগর(খেদাবাগ)হাট	২২,৮৯৬/-	৫০০/-			

শর্তাবলীঃ

০১. জেলা প্রশাসক, লালমনিরহাট কার্যালয়, সহকারী কমিশনার(ভুমি), লালমনিরহাট সদর কার্যালয়, অফিসার ইন-চার্জ, লালমনিরহাট সদর থানা, সোনালী ব্যাংক লিঃ, লালমনিরহাট শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত অফেরতযোগ্য মূল্যে তফসিলের ০৫ নং কলামে বর্ণিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম(সিডিউল) সংগ্রহ বা ক্রয় করা যাবে।বর্ণিত তফসিলের ০৬ নং কলামে উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জেলা প্রশাসক, লালমনিরহাট, পুলিশ সুপার, লালমনিরহাট, সহকারী কমিশনার(ভূমি), লালমনিরহাট সদর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র (সিডিউল) সমূহ গ্রহণ করা হবে। ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকায় এ বিষয়ে প্রাধিকার প্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে(যদি কেহ উপস্থিত থাকেন)দরপত্র বাক্স খোলা হবে।

০২. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। ১ম বার ধার্যকৃত তারিখে বর্ণিত তফসিলের ০৩ নং কলামে উল্লিখিত সরকারী মূল্যের নিম্নে কোন দরপত্র কিংবা নীতিমালা অনুযায়ী কাংখিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত তফসিলের ০৫ ও ০৬ নং কলামে বর্ণিত ২য় ও ৩য় বারের ধার্যকৃত তারিখ সমূহে পর্যায়ক্রমে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ,স্থান ও সময়সূচী মোতাবেক দরপত্র বিক্রয় ও গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

চলমান পাতা-০২

০৩. দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,লালমনিরহাট সদর-এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৪. যার দরপত্র গৃহীত হবে , দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ,মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর,১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আর এক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র (সিডিউল) বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬. খামের উপর দরপত্র দাতার নাম,ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।

০৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচারের ব্যবস্থা করতে হবে ।

০৮. প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যক্রম পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে ।

১০. ইজারাদার সমুদয় অর্থ পরিশোধের ০৩(তিন) কার্য দিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে ।

১২. ইজারাদারকে নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

১৩. ইজারাদারকে নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করতে হবে।

১৪. কোন প্রকার ঘষা-মাজা,কাটাকাটি,লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৬. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৭/১/২২

(জয়শ্রী রাণী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট।
unolalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট।

স্মারক নং- ০৫.৪৭.৫২৫৫.০০৩.০২.০২৬.১৯-৩৮(২৫০)

তারিখ: ২৪ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):ঃ-

০১। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট।
০৩। পুলিশ সুপার, লালমনিরহাট।
০৪। উপ-পরিচালক,স্থানীয় সরকার,লালমনিরহাট।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,লালমনিরহাট সদর/আদিতমারী/ কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম লালমনিরহাট।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
০৭। মেয়র, লালমনিরহাট পৌরসভা, লালমনিহাট।
০৮। জেলা ------------------------------------অফিসার লালমনিরহাট।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম, লালমনিরহাট।
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,লালমনিরহাট সদর,লালমনিরহাট।
১১। সহকারী কমিশনার (ভুমি), লালমনিরহাট সদর।
১২। সভাপতি, লালমনিরহাট চেম্বার অব কমার্স, লালমনিরহাট।
১৩। সভাপতি/সম্পাদক,লালমনিরহাট প্রেসক্লাব।
১৪। উপজেলা --নির্বাহী প্রোগ্রামার--অফিসার(সকল),লালমনিরহাট সদর।
১৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, লালমনিরহাট সদর। তাঁকে দরপত্র বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের/উপজেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো।
১৬। চেয়ারম্যান ....ইউপি(সকল),লালমনিরহাট সদর। তাঁকে দরপত্র বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রে প্রতিটি হাটবাজারে বহুল প্রচারের অনুরোধ জানানো হলো।
১৭। পোষ্ট মাষ্টার/স্টেশন মাষ্টার...লালমনিরহাট সদর।
১৮। ব্যবস্থাপক...ব্যাংক,লালমনিরহাট সদর।
১৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার...কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা,লালমনিরহাট সদর।
২০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...................................ইউনিয়ন ভূমি অফিস (সকল), লালমনিরহাট সদর। তাঁকে দরপত্র বিজ্ঞপ্তিটি তার অধিক্ষেত্রের সকল হাট-বাজারে ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারান্তে জারীর প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বেই অত্র অফিসে বিনা ব্যর্থতায় দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো।
২১। ইজারাদার,...হাট-বাজার(সকল),লালমনিরহাট সদর। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর হাট বাজারে ঢোলসহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।
২২। বিজ্ঞাপন ম্যানেজার, ...। তাঁকে বিজ্ঞপ্তিখানা শুধুমাত্র ০১(এক) দিনের জন্য তাঁর পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২৩। নোটিশ বোর্ড।

৭/১/১৯

(জয়শ্রী রাণী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট।
ই-মেইল: unolalmonirhat@mopa.gov.bd

০৭/০১/১৯